নারীর সৌভাগ্যের প্রতীক

# পর্দা

২ • নারীর সৌভাগ্যের প্রতীক পর্দা

নারী সিরিজ-২

নারীর সৌভাগ্যের প্রতীক

# পর্দা

মূল

ড. হাসসান শামসি পাশা

অনুবাদ

সাদিক ফারহান

মাকতাবাতুল হাসান

**নারীর সৌভাগ্যের প্রতীক পর্দা**

প্রথম সংস্করণ : সেপ্টেম্বর ২০২৩

গ্রন্থস্বত্ব : প্রকাশক

প্রকাশনায়

মাকতাবাতুল হাসান

দোকান নং : ৩৩-৩৪, ইসলামী টাওয়ার (আন্ডারগ্রাউন্ড), বাংলাবাজার, ঢাকা

✆ ০ ১ ৭ ৮ ৭ ০ ০ ৭ ০ ৩ ০

বানানসমন্বয় : মাসউদ আহমাদ

প্রচ্ছদ ও সজ্জা : মো. আখতারুজ্জামান

অনলাইন পরিবেশক :

rokomari.com - wafilife.com - বইফেরী.কম - নিউ লেখা প্রকাশনী (কোলকাতা)

**ISBN :** 978-984-97319-8-6

**Web :** maktabatulhasan.com

**E-mail :** info.maktabatulhasan@gmail.com

fb/Maktabahasan

---

**মুদ্রিত মূল্য : ১০০/- টাকা মাত্র**

---

**Narir Sauvagger Protik Porda**

By Dr. Hassan Chamsi Pasha

Published by : Maktabatul Hasan, Bangladesh

©

সর্বস্বত্ব সংরক্ষিত; প্রকাশকের লিখিত অনুমতি ব্যতীত যেকোনো মাধ্যমে বইটির আংশিক বা সম্পূর্ণ প্রকাশ একেবারেই নিষিদ্ধ।

# সুচিপত্র


| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| পর্দা নারীর সৌভাগ্যের প্রতীক | ৭ |
| যারা পর্দা করেন না তাদের বলছি | ৮ |
| কিছু ভ্রান্তি ও তার নিরসন | ৯ |
| পর্দার ব্যাপারে কিছু আপত্তি ও তার জবাব | ১৩ |
| আপনি যখন পর্দানশিন নারী | ২৫ |
| পর্দাহীন পরিবেশেও পর্দা করা | ২৯ |
| নারীদের কাজকর্ম | ৩৭ |
| নারীদের ঘরের বাইরে কাজের ক্ষেত্রে শরিয়তের মূলনীতি | ৪৩ |
| ইংরেজ লেখিকার দৃষ্টিতে নারীদের চাকরি | ৪৬ |
| বাজার-ঘাটে নারী | ৪৭ |
| নারী কেন বাজারে | ৪৭ |
| ইসলামি শিষ্টাচার মেনে চলুন | ৪৭ |
| বাজারে প্রবেশের দোয়া | ৫০ |
| অপচয় করবেন না | ৫২ |

| বিষয় | পৃষ্ঠা |
|---|---|
| এ ক্ষেত্রে নারীরা দুই দলে বিভক্ত | ৫২ |
| স্বামীর অনুমতি নিয়ে যান | ৫৩ |
| **নারী স্বাধীনতা বা সমানাধিকার** | **৫৫** |
| কোথায় আমাদের আত্মমর্যাদা | ৫৬ |
| পশ্চিমা সভ্যতার অনুসরণ | ৫৮ |
| বাড়িতে নারী-পুরুষের একত্রে অবস্থান | ৬০ |

## পর্দা নারীর সৌভাগ্যের প্রতীক

প্রিয় বোন, আপনার পবিত্র মাথায় হিজাব নেই কেন? আপনি সামনে পড়লে কেন আপনাকে সুরক্ষিত মণিমুক্তা মনে হয় না?

প্রিয় বোন আমার, বিশ্বাস রাখুন, পর্দা উন্নতির অন্তরায় নয়। পর্দা করা মানে প্রাচীন যুগে ফিরে যাওয়া নয়। বরং পর্দা নারীর পবিত্রতা ও চির সৌভাগ্যের প্রতীক।

এক যুবতী শরিয়তসম্মত পোশাকে নিজেকে আবৃত করে রাখে। রাস্তায় চলার সময় পর্দা করে চলে, পর্দা করাকে সম্মান ও মর্যাদার প্রতীক মনে করে। পক্ষান্তরে আরেক তরুণী শরিয়তসম্মত পোশাক ছেড়ে দিয়ে অশালীন পোশাকে চলাফেরা করে। ইহুদি-খ্রিষ্টান নারীদের মতো বেশভূষা ও সাজসজ্জা গ্রহণ করে। এ দুইয়ের মাঝে তাকালেই সুস্পষ্ট পার্থক্য আপনার সামনে ফুটে উঠবে। আপনি বুঝতে পারবেন তাদের মধ্যে উত্তম কে।

মিশরের বিশিষ্ট লেখক ও সাহিত্যিক আব্বাস মাহমুদ আক্কাদ (১৮৮৯-১৯৬৪ খ্রি.) বলেন, ইসলামে পর্দার নির্দেশ নারীদের ঘরে বন্দি করার জন্য নয়; বরং নির্লজ্জতা দূর করার জন্য। ব্যভিচারের পথ চিররুদ্ধ করার জন্য। নারীর সম্ভ্রম রক্ষা করার জন্য। নারীর যথাযোগ্য সম্মান অক্ষুণ্ণ রাখার জন্য। সকল কলুষতা থেকে নারীকে সংরক্ষণ করার জন্য। সুতরাং পর্দা নারী-স্বাধীনতার অন্তরায় নয়। পর্দার বিধান মেনে পূর্ণ স্বাধীনতার সঙ্গে নারী সব কাজ করতে পারবে।

**যারা পর্দা করেন না তাদের বলছি**

পরপুরুষের সামনে যখন আপনার চুলগুলো প্রকাশ হয়ে যাবে, তখন প্রতিটি চুলের বিপরীতে একটি করে গুনাহ আপনার হিসাবের খাতায় লেখা হবে—এটা কি আদৌ আপনি প্রত্যাশা করেন? একবার ভাবুন তো! এসব গুনাহ ও আপনার অর্জিত নেকিগুলো পরিমাপ করলে নেকির পাল্লা কি ভারী হবে আপনার?

আপনি কি আল্লাহ তাআলার আদেশকে বারবার 'না' বলে প্রত্যাখ্যান করতে পছন্দ করেন? আল্লাহ তাআলা তো পর্দার নির্দেশ দিয়েছেন। যতবার আপনি বেপর্দা হচ্ছেন, আপনার সৌন্দর্য পরপুরুষের সামনে প্রকাশ পাচ্ছে, প্রত্যেকবারই তো আপনি আল্লাহর নির্দেশকে 'না' বলছেন।

আপনি কি চান না যে, জান্নাতে আপনার মর্যাদা ও অবস্থানস্থল হুরদের চেয়ে সুন্দর এবং উন্নত হোক? তাহলে জেনে রাখুন! হুরদের সৃষ্টি করা হয়েছে সেবার জন্য। আর মুমিন নারীদের সৃষ্টি করা হয়েছে আল্লাহর নির্দেশ পালনের জন্য এবং ধৈর্যের সঙ্গে গুনাহ থেকে বিরত থাকার জন্য। এমন মহীয়সী নারীর মর্যাদা জান্নাতি হুরদের চেয়েও বেশি হবে।

আচ্ছা বোন, আপনার কাছে কি কোনো নিশ্চয়তা আছে যে, মৃত্যুর ফেরেশতা আসার পর আপনাকে পর্দা করার সুযোগ দেবে? আপনার প্রাণ বের করে নেওয়ার পূর্বে আপনাকে তওবার সময় দেবে?

জেনে রাখুন, জান্নাত আল্লাহ তাআলার মহামূল্যবান পণ্য, যা তিনি কষ্টদায়ক বস্তু দ্বারা আবৃত করে রেখেছেন। পক্ষান্তরে জাহান্নাম ঢেকে রেখেছেন মনোমুগ্ধকর ও চিত্তাকর্ষক বস্তু দ্বারা। এজন্য এ

ধারণা করার কোনো অবকাশ নেই যে, জান্নাতের পথ সুগম ও সহজসাধ্য।

বস্তুত পাহাড়ি উপত্যকার মতো এবড়োখেবড়ো কষ্টসাধ্য দুর্গম পথ পাড়ি দিয়ে আল্লাহর কাছে পৌঁছতে হবে।

কিন্তু আপনার মনের অবস্থা তো নিম্নের আয়াতের মতো,

﴿وَعَجِلْتُ إِلَيْكَ رَبِّ لِتَرْضَىٰ﴾

আমি তাড়াতাড়ি করে আপনার নিকট এসেছি, যেন আপনি আমার ওপর সন্তুষ্ট হন। [সুরা তহা : ৮৪]

সুতরাং খুব দ্রুত আল্লাহর সঙ্গে সাক্ষাৎ করতে চাইলে নেককারদের দলভুক্ত হয়ে যান, যাদের ব্যাপারে আল্লাহ তাআলা সুসংবাদ দিয়েছেন,

﴿إِنَّ الْأَبْرَارَ لَفِي نَعِيمٍ ۝ عَلَى الْأَرَائِكِ يَنظُرُونَ﴾

নিশ্চয় নেককাররাই থাকবে সুখস্বাচ্ছন্দ্যের মধ্যে। সুসজ্জিত আসনে বসে তারা দেখতে থাকবে।

[সুরা মুতাফফিফিন : ২২-২৩]

**কিছু ভ্রান্তি ও তার নিরসন**

কিছু মানুষ পর্দার ব্যাপারে আপত্তি উত্থাপন করে বলে, নারীর পবিত্রতা তার নিজের মধ্যেই। পর্দা কেবল তার দেহে ঝুলিয়ে দেওয়া এক টুকরো কাপড় বই কিছু নয়। এজন্যই দেখা যায় পর্দাহীন নারী যেমন বিভিন্ন অপকর্মে জড়িয়ে পড়ছে, তেমনই অনেক পর্দাবৃতা নারীও বিভিন্ন পাপকাজে লিপ্ত হয়ে পড়ছে। বস্তুত নারীর চারিত্রিক ভালো-মন্দের সঙ্গে পর্দার কোনো সম্পর্ক নেই।